দৈনিক ইত্তেফাক

013

তারিখ 2[illegible] DEC [illegible]
পৃষ্ঠা ১ কলাম ৩

# ঢাকা ভার্সিটির বি বি এ কোর্স স্থগিত

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

প্রায় পাঁচ হাজার ফরম বিক্রি শেষে গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইন্সটিটিউটের বি, বি, এ কোর্সে ভর্তি প্রক্রিয়া স্থগিত করা হইয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানান যে, বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩-এর সংশ্লিষ্ট বিধি সংশোধন এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিষদের মতামতসাপেক্ষে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত পরে জানানো হইবে। কর্তৃপক্ষ ফরম সংগ্রহকারীদের অর্থ ফেরতের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইন্স-

(২য় পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির বিবিএ কোর্স

(১ম পৃষ্ঠার পর)

টিটিউটকে নির্দেশ দিয়াছে। জানা যায়, ১০ই অক্টোবর বিশ্ববিদ্যালয় একাডেমিক পরিষদের মতামত ছাড়াই ব্যবসায় প্রশাসন ইন্সটিটিউটের পরিচালক পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে এই কোর্সে ছাত্র ভর্তি আহ্বান করে। ১২০টি আসনের জন্য গতকাল ফরম সংগ্রহ ও জমা দেওয়ার শেষ তারিখে ৪ হাজার ৮ শত ১৮টি ফরম বিক্রি ও জমা হইয়াছে। প্রতিটি ফরমের মূল্য নেওয়া হইয়াছে ৫০ টাকা। ফরম বিক্রির পাশাপাশি দুইটি গ্রুপ ৪০ টাকা হারে প্রায় ৫ হাজার গাইড বিক্রি করিয়াছে।

এ ব্যাপারে গতকাল ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নানের সহিত যোগাযোগ করা হইলে তিনি বিস্ময় প্রকাশ করিয়া বলেন, একাডেমিক পরিষদের অনুমতি ছাড়া ইন্সষ্টিটিউট কর্তৃপক্ষ এই কোর্সে ছাত্র ভর্তি করিতে পারে না। একটি নূতন বিষয় চালু করার আগে প্রাথমিক অবস্থা হইতে বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল এবং মঞ্জুরি কমিশনের অনুমোদন দরকার হয়। অথচ বি, বি, এ কোর্স শুরুর আগে এই প্রক্রিয়া সমাধা না করিয়া ইন্সটিটিউট কর্তৃপক্ষ কোর্সে ভর্তি আহ্বান করিয়াছে।

ইন্সটিটিউটের পরিচালক জানান, একাডেমিক পরিষদে এব্যাপারে অনুমোদন নেওয়া হয় নাই সত্য, তবে এই কোর্স স্থগিত করার পিছনে ইহা গুরুত্বপূর্ণ কারণ নয়। তাঁহার মতে, বিশেষ মহল ঈর্ষান্বিত হইয়া একটি মহৎ উদ্যোগকে নস্যাৎ করার চেষ্টা করিতেছে। বি, বি, এ কোর্স খোলার ব্যাপারে প্রয়োজনীয় অর্থ ও সাহায্য সহযোগিতার জন্য বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিল্প প্রতিষ্ঠান তাহাকে আশ্বাস প্রদান করিয়াছে।

তবে বিশ্ববিদ্যালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা জানান, কোন ইনষ্টিটিউট প্রধান বা ইনষ্টিটিউট ইচ্ছা করিলেই কোন কোর্স চালু করিতে পারে না। ইহার জন্য কি পরিমাণ অর্থের প্রয়োজন, তাহা কোন্ উৎস হইতে আসিবে সব বিষয়ে একটি প্রক্রিয়া সমাধান শেষে মঞ্জুরি কমিশনের অনুমোদন সাপেক্ষে কোর্স খোলা যাইতে পারে।

জানা যায়, ফরম বিক্রির শুরু পর হইতে দুই-একটি পত্রিকায় এই কোর্স সম্পর্কে প্রতিবেদন প্রকাশিত হইলেও এব্যাপারে কোন সঠিক সিদ্ধান্ত গ্রহণ না করিয়া ফরম বিক্রি অব্যাহত রাখা হয়। ফরম সংগ্রহকারী কয়েকজন ছাত্র জানান বিষয়টি ইনষ্টিটিউট কর্তৃপক্ষের গোচরে আনার চেষ্টা করা হইলে কোন গুরুত্ব দেওয়া হয় নাই।

উপরন্তু বলা হইয়াছে, যেকোন প্রকারে হউক কোর্স চালু করা হইবে।

গতকাল ইনষ্টিটিউটের পরিচালক এক প্রশ্নের জবাবে জানান, কর্তৃপক্ষ ভর্তি বন্ধ করিলে তাহার করার কিছু থাকিবে না। তবে বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ একদিন বুঝিতে পারিবেন এই কোর্সের প্রয়োজন ছিল।

ফরম সংগ্রহকারীদের [illegible] কথা উল্লেখ করিয়া অনেকে [illegible] মন্তব্য করিয়াছেন, দেশের প্রত্যন্ত অঞ্চল হইতে টাকা পয়সা খরচ করিয়া যাহারা ফরম সংগ্রহ করিয়াছে তাহারা ৫০ টাকা সংগ্রহের জন্য ঢাকায় আসিবে কিনা সন্দেহ। আর যদি আসেও তবে ৪০ টাকা হারে ৫ হাজার গাইডের টাকা কে ফেরত দিবে?

ইহাছাড়া বিভিন্ন স্থানে এম, বি, এ উত্তীর্ণ কিছু লোক বি, বি, এ'র প্রি-টেষ্ট কোর্স চালু করিয়াছে এবং ভর্তিচ্ছু অনেকেই মাথাপিছু ৩/৪ শত টাকার বিনিময়ে এই কোর্স সমাধা করিতেছে।